গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কবিরহাট, নোয়াখালী

স্মারক নং -০৫.৪২.৭৫৪৭.০৩১.০১.০০৫.২৪- ৯৭৮

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪৩০ / ২২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার কবিরহাট উপজেলার আওতাধীন নিম্নতফসিলভুক্ত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত নিয়োক্ত শর্ত স্বাপেক্ষে ইচ্ছুক দরদাতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র গ্রহণ করার জন্য আহবান করা যাচ্ছে। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কবিরহাট, নোয়াখালী; সহকারী কমিশনার (ভূমি), কবিরহাট, নোয়াখালী এবং অফিসার ইনচার্জ, কবিরহাট থানা, নোয়াখালীগণের কার্যালয়ের রক্ষিত দরপত্র বাক্সে নিয়োক্ত তারিখ অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে।

### তফসিভুক্ত হাট বাজার

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাটবাজারের নাম | হাট বাজার ইজারার সরকারি মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১. | ০১নং নরোত্তমপুর | করমবক্স বাজার | ১,০৩,১৭৩/- | ১,০০০/- |
| ২. | | কালির বাজার | ২৫,০৮৭/- | ৫০০/- |
| ৩. | | ফরাজি বাজার | ৬৪,১৯৭/- | ৫০০/- |
| ৪. | ০২নং সুন্দলপুর | কালামুন্সি বাজার | ৬,০৯,২১৭/- | ২,০০০/- |
| ৫. | | বানদত্ত বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ৬. | | হাজির হাট | ১,০০০/-- | ৫০০/- |
| ৭. | | আবদুল্যাহ মিয়ার হাট | ১,৫১,৫৮০/- | ১,০০০/- |
| ৮. | ০৩ নং ধানসিঁড়ি | জনতা বাজার(লেংগার দোকান) | ৫,৮০১/- | ৫০০/- |
| ৯. | | মুকবুল চৌধুরির হাট ( জগদানন্দ বাজার) | ১,৮৩৭/- | ৫০০/- |
| ১০. | | নবগ্রাম বাজার | ১,২০১/- | ৫০০/- |
| ১১. | | নলুয়া ভূইয়ারহাট | ৪৮,০৫৩/- | ৫০০/- |
| ১২. | | নাজিম বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ১৩. | | মিয়াধন চৌকিদার বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ১৪. | | নুর মিয়া ব্যাপারি বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ১৫. | | আমিন বাজার | ৪৯,৩২৫/- | ৫০০/- |
| ১৬. | ০৪ নং ঘোষবাগ | লেদু কোম্পানির হাট | ৭২,৬১৬/- | ৫০০/- |
| ১৭. | | নতুন সাজিরহাট | ১,০০০/- | ৫০০/- |
| ১৮. | | চর আলগী বাজার | ১,৩০,৫৫৬/- | ১,০০০/- |
| ১৯. | ০৫ নং চাপরাশিরহাট | চাপরাশিরহাট | ২৯,১৩,৯৭৫/- | ৬,৬০০/- |
| ২০. | ০৬ নং ধানশালিক | তাকিয়া বাজার | ১৪,১৩৭/- | ৫০০/- |
| ২১. | | চরমন্ডলিয়া বাজার | ৫,৪০৬/- | ৫০০/- |
| ২২. | | ধানশালিক বাজার | ৩৫,৪২২/- | ৫০০/- |
| ২৩. | | চরগুল্লাখালী জনতা বাজার | ১৯,৬৯৮/- | ৫০০/- |
| ২৪. | | মুড়া আমিরাবাদ বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ২৫. | ০৭ নং বাটইয়া | ভূইয়ারহাট | ২,৮৮,৮৮৫/- | ১,২০০/- |
| ২৬. | | কাচারিরহাট | ৯,৪৬৯/- | ৫০০/- |
| ২৭. | | ওটারহাট | ৩৭,৬৩০/- | ৫০০/- |

### সিডিউল ক্রয়/দাখিল/খোলার সময়সূচীঃ

| পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম ডাক | ১০-০৩-২০২৪খ্রি (অফিস চলাকালীন) | ১১-০৩-২০২৪খ্রি. সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | ১১-০৩-২০২৪খ্রি. বেলা ৩.০০টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কবিরহাট নোয়াখালী |
| ২য় ডাক | ১৩-০৩-২০২৪ খ্রি. (অফিস চলাকালীন) | ১৪-০৩-২০২৪খ্রি. সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | ১৪-০৩-২০২৪খ্রি. বেলা ৩.০০টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কবিরহাট নোয়াখালী |
| ৩য় ডাক | ১৯-০৩-২০২৪ খ্রি. (অফিস চলাকালীন) | ২০-০৩-২০২৪খ্রি. সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | ২০-০৩-২০২৪খ্রি. বেলা ৩.০০টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কবিরহাট নোয়াখালী |

শর্তাবলীঃ

১. বঙ্গাব্দ ১৪৩১, ১লা বৈশাখ হতে বঙ্গাব্দ ১৪৩১ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
২. ৫নং কলামে উল্লেখিত হারে সিডিউল মূল্য পরিশোধ করতে হবে। সিডিউলের মূল্য অফেরতযোগ্য।
৩. কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবে না।
৪. দরপত্র দাতা কর্তৃক নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ইজারা মূল্যের ৩০% অর্থ যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসেবে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫. সরকারি কাঙ্খিত মূল্যের কমদর নীতিমালা মোতাবেক গ্রহনযোগ্য নয়। দরপত্র গৃহীত হলে সম্পূর্ণ অর্থ ৭(সাত) দিনের মধ্যে জমা স্লিপের মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারাকৃত বাজার বাতিল ঘোষণাপূর্বক পুনঃরায় ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে জামানতের কোন অর্থ ফেরত প্রদান করা হবে না।
৬. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৭. দরপত্রের সাথে জামানত হিসেবে প্রদত্ত ৩০% অর্থ হতে ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকি ৫% অর্থ জামানত হিসেবে জমা থাকবে।
৮. গৃহীত ইজারা মূল্যের অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ট্রেজারী চালানের মাধ্যমে ইজারাদারকে সরকারী কোষাগারে সংশ্লিষ্ট কোডে জমা দিতে হবে।
৯. সম্পূর্ণ টাকা পরিশোধ হলে চুক্তিনামা সম্পাদনের পর হাট-বাজারের দখল বুঝিয়ে দেওয়া হবে।
১০. বিভিন্ন দ্রব্যের উপর টোল আদায়ের তালিকা বাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে জনসাধারণের অবগতির জন্য ইজারাদার কর্তৃক প্রকাশ্যে ঝুলিয়ে রাখতে হবে।
১১. ইজারাদার কোনক্রমে ইজারাপ্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপের দ্বারা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তবে তার ইজারা বাতিল করা হবে এবং ইজারাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. ইজারা গ্রহীতা তার ইজারা প্রাপ্ত হাট-বাজার নিয়মিত পরিষ্কার রাখতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে ব্যর্থ হলে বা নির্ধারিত টোলের চাইতে বেশি টোল আদায় করা হলে ইজারা বাতিল করা হবে।
১৩. ইজারা গ্রহীতা নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
১৫. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/২/২৪

মুহাম্মদ সরওয়ার উদ্দীন
উপজেলা নির্বাহী অফিসার
কবিরহাট,নোয়াখালী

স্মারক নং -০৫.৪২.৭৫৪৭.০৩১.০১.০০৫.২৪- ২৬৮(১৩)

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪৩০ / ২২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. জেলা প্রশাসক, নোয়াখালী
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী
৩. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নোয়াখালী
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কবিরহাট, নোয়াখালী
৫. উপজেলা নির্বাহী অফিসার,..........................................নোয়াখালী
৬. সহকারী কমিশনার(ভূমি)..........................................নোয়াখালী
৭. অফিসার ইনচার্জ, কবিরহাট থানা, কবিরহাট, নোয়াখালী
৮. চেয়ারম্যান (সকল), ...................................................... ইউনিয়ন পরিষদ, কবিরহাট, নোয়াখালী। তাঁকে তাঁর আওতাধীন সকল বাজারে মাইকিং করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. সহকারী প্রোগ্রামার, কবিরহাট, নোয়াখালী। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ..................................................কবিরহাট, নোয়াখালী। তাঁকে তাঁর আওতাধীন সকল বাজারে মাইকিং করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. সভাপতি/ সম্পাদক...............................বাজার কমিটি, কবিরহাট, নোয়াখালী।
১২. জনাব.................................................সাবেক ইজারাদার..................................বাজার
১৩. নোটিশ বোর্ড/ অফিস নথি

২২/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কবিরহাট,নোয়াখালী